গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বিআরটিসি সমাচার

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

## Bangladesh Road Transport Corporation

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
সেবাই আদর্শ

৯ম সংখ্যা

জানুয়ারি-মার্চ ২০২৩ (ত্রৈমাসিক)

প্রকাশকাল : এপ্রিল ২০২৩



বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বিআরটিসিকে স্বীকৃতি স্মারক প্রদান

# বিআরটিসি'র অর্জন



এপিএ-তে প্রথম স্থান অর্জন

## সূচিপত্র:


- ❖ ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বিআরটিসি'র কার্যক্রম
- ❖ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ প্রথম স্থান অর্জন
- ❖ বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯৪তম সভা
- ❖ যথাযথ মর্যাদায় বিভিন্ন দিবস উদযাপন
- ❖ বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য
- ❖ চেয়ারম্যান মহোদয়ের দুই বছর পূর্তি অনন্য উচ্চতায় বিআরটিসি
- ❖ আয়-ব্যয় সংক্রান্ত তথ্য
- ❖ সিপিএফ, ছুটি নগদায়ন ও গ্র্যাচুইটি খাতে পরিশোধিত অর্থের বিবরণী
- ❖ জানুয়ারি/২৩ হতে মার্চ/২৩ পর্যন্ত এস্টেট হতে প্রাপ্ত আয়
- ❖ আলোকচিত্রে বিআরটিসি
- ❖ বার্ষিক বনভোজনের স্থির চিত্র
- ❖ বিভিন্ন প্রিন্ট মিডিয়ায় বিআরটিসি
- ❖ বিভিন্ন ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসি চেয়ারম্যান-এর সাক্ষাৎকার
- ❖ মানবতার জয়



**প্রচার ও প্রকাশনায়:**

১. **জনাব মোহাম্মদ সাইদুর রহমান**
মহাব্যবস্থাপক (প্রশাসন ও পার্সোনেল)

২. **জনাব হিটলার বল**
জনসংযোগ কর্মকর্তা, বিআরটিসি



**যোগাযোগ:**

ফোন নম্বর : ০২-৪১০৫১ ৩৩৭
০২-৪১০৫১ ৩৪৮

মোবাইল : ০১৮২৬ ৩০ ৩২ ৩৮
০১৯২১ ২২ ৯০ ১৩

**ই-মেইল:**
chairman@brtc.gov.bd

**ওয়েবসাইট:**
www.brtc.gov.bd

**বিআরটিসি ফেইসবুক:**
https://www.facebook.com/BRTC11/

**বিআরটিসি ভবন**
২১ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০




## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বিআরটিসি'র কার্যক্রম

পূর্বাচলে বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে দ্বিতীয় বারের মতো মাসব্যাপী বাণিজ্য মেলার আয়োজন করা হয়েছে। ঢাকার মূল শহরের বাইরে হওয়ায় গত বারের মতো এবারও যাতায়াতে অগ্রণী ভূমিকা পালন করেছে বিআরটিসি কর্তৃপক্ষ। এ মেলায় আগত দর্শনার্থীদের নিরাপদে মেলায় যাতায়াতের সকল পদক্ষেপ গ্রহণ করায় বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুন্সী মহোদয়ের নিকট থেকে স্বীকৃতি স্মারক গ্রহণ করেছেন বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ প্রথম স্থান অর্জন

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সকল সংস্থার মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরে বিআরটিসি এপিএ-তে ৯৬.৮৪ নম্বর পেয়ে প্রথম স্থান অর্জন করেছে। সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের দিক নির্দেশনা ও নেতৃত্বে ডুবতে বসা বিআরটিসি আজ সকল সরকারি সংস্থার মধ্যে উন্নয়নের রোল মডেলের উদাহরণ হিসেবে গণ্য হচ্ছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বিআরটিসি পরিবহন সেক্টরে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে।

## বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯৪তম সভা

বিআরটিসি সভাকক্ষে ২০/০৩/২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর পরিচালনা পর্ষদের ২৯৪তম পর্ষদ (সড়ক পরিবহন আইন ২০২০ অনুযায়ী ৬ষ্ঠ) সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ তাজুল ইসলাম, অতিরিক্ত সচিব, চেয়ারম্যান, বিআরটিসি। উক্ত সভায় কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## যথাযথ মর্যাদায় বিভিন্ন দিবস উদযাপন

### শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন




একুশে ফেব্রুয়ারি বাংলাদেশ সহ সকল বাংলা ভাষা ব্যবহারকারী জনগণের কাছ একটি গৌরবোজ্জ্বল দিন। বাঙালি জনগণের কাছে ভাষা আন্দোলন একটি মর্মন্তুদ ও গৌরবোজ্জ্বল স্মৃতিবিজড়িত দিন হিসেবে চিহ্নিত হয়ে আসছে। বাংলাদেশ স্বাধীন হওয়া পর একুশে ফেব্রুয়ারি সরকারি ছুটির দিন হিসেবে ঘোষিত হয়। এদিন শহীদ দিবসের তাৎপর্য তুলে ধরে রেডিও, টেলিভিশন, সাংস্কৃতিক সংগঠন পাশাপাশি সরকারি দপ্তরগুলো বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের নির্দেশনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)'র প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটে মহান ভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে শুদ্ধ বানান প্রতিযোগীতার আয়োজন করা হয়। বানান প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার প্রদান করেন বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)।

### ৭ই মার্চের ভাষণ উদ্‌যাপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ভাষণটি একটি অদ্বিতীয় ভাষণ। এ ভাষণটি এখন বিশ্ব ঐতিহ্যের অংশ। এটি দীর্ঘদিনের সংগ্রাম ও সাধনার ফল। দীর্ঘ সময় ধরে দীর্ঘদেহী ঋজু মানুষটি সামনে থেকে প্রবল পরাক্রমে নেতৃত্ব দিয়ে মুক্তি পাগল জনতাকে একটু একটু করে এনেছিলেন স্বাধীনতার দ্বার প্রান্তে। জীবন বাজী রেখে স্বাধীনতা সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে, হাসতে হাসতে প্রাণ দিয়ে বিজয় ছিনিয়ে আনতে সকলকে উদ্বুদ্ধ করেছিলেন। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের মর্মবাণী উপলব্ধি করে আমাদের জাতীয় দায়িত্ব যথাযথ ভাবে পালন করা উচিত। বিআরটিসি'র প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটে ব্যানার, ফেস্টুন প্রদর্শনের মাধ্যমে যথাযথ মর্যাদায় ৭ই মার্চের ভাষণ উদ্‌যাপন করেছে।

## ৮ই মার্চ নারী দিবস উদ্‌যাপন

প্রতি বছর মার্চ মাসের ০৮ তারিখ আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালিত হয়। এ দিবসটি উদ্‌যাপনের পিছনে রয়েছে নারী শ্রমিকের অধিকার আদায়ের সংগ্রামের ইতিহাস। ১৮৫৭ সালে মজুরী বৈষম্য, কর্ম ঘন্টা নির্ধারণ, কাজের অমানবিক পরিবেশের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে মার্কিন যুক্ত রাষ্ট্রের নিউইয়র্কের রাস্তায় নেমেছিলেন সুতা কারখানার নারী শ্রমিকেরা। প্রতি বছর বাংলাদেশ সরকার যথাযথ মর্যাদার সহিত এ দিবসটি পালন করে। বিআরটিসি এই প্রথমবারের মত নারী দিবসে 'তথ্যপঞ্জি' নামে স্মরণিকা প্রকাশ করেছে।

## বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন

শিশুর জন্য একটি স্থিতিশীল ও সমৃদ্ধ বাংলাদেশ এবং সুন্দর আগামীর প্রত্যাশার মধ্য দিয়ে ১৭ই মার্চ ২০২৩ রোজ শুক্রবার সারা দেশে পালিত হয়েছে জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস। বিভিন্ন সামাজিক সংগঠন ও রাজনৈতিক সংগঠন এবং শিক্ষা প্রতিষ্ঠান বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের পাশাপাশি বিআরটিসি'র প্রধান কার্যালয় সহ সকল ডিপো/ইউনিটগুলো বিভিন্ন কর্মসূচী পালনের মধ্য দিয়ে দিনটি উদযাপন করেছে। বিআরটিসি সোনাপুর বাস ডিপো বঙ্গবন্ধুর ১০৩ তম জন্ম দিনে ১০৩ পাউন্ডের কেক কেটে দিবসটি পালন করেছে। এদিন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হয়।



## ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উদযাপন

২৬শে মার্চ বাংলাদেশের স্বাধীনতা দিবস। ১৯১৭ সালের ২৬ শে মার্চ স্বাধীনতার ঘোষণা দেন বঙ্গবন্ধু। ১৯৭১ সালের তাৎপর্যপূর্ণ এই দিনটিকে স্মরণ করে প্রতি বছর গভীর শ্রদ্ধা ও ভাবগাম্ভীর্যের মাধ্যমে পালন করা হয়। দীর্ঘ ৯ মাস যুদ্ধের ফলে অর্জিত এই স্বাধীন বাংলা। হাজারো বাঙ্গালি বুকের রক্ত ঢেলে দিয়েছে এই স্বাধীনতার জন্য। বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে আমরা দিবসটি পালন করে থাকি। দিবসটি পালনে আমরা যেমন আনন্দ প্রকাশ করি তেমনই মনে পড়ে যায় সেই সকল বীর মুক্তিযোদ্ধাদের কথা যাঁরা হারিয়ে গেছেন যুদ্ধের ময়দানে। সেই সকল ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা এই ২৬শে মার্চ স্বাধীনতা দিবস হিসেবে উদযাপন করি। বিআরটিসি'র প্রধান কার্যালয় সহ সকল ডিপো/ইউনিটে বিভিন্ন কর্মসূচী পালনের মধ্য দিয়ে স্বাধীনতা দিবস উদযাপন করেছে।

## বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য

**বাসের তথ্যঃ**

| মাসের নাম | মোট বাসের সংখ্যা | সচল গাড়ীর সংখ্যা | | অযোগ্য ঘোষণার জন্য বিইআর (প্রস্তাবিত) গাড়ীর সংখ্যা | ভারী মেরামতাধীন বাসের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | নিজস্ব | দীর্ঘ মেয়াদী লীজ | | |
| জানুয়ারি/২০২৩ | ১৩৫০ | ১২৫৭ | ৩৯ | ১৫৯ | ৫৪ |
| ফেব্রুয়ারি/২০২৩ | ১৩৫০ | ১২৬০ | ৩৯ | ১৫৪ | ৫১ |
| মার্চ/২০২৩ | ১৩৫০ | ১১৮১ | ৩৯ | ১৪৫ | ১৩০ |

**ট্রাকের তথ্যঃ**

| মাসের নাম | মোট ট্রাকের সংখ্যা | সচল ট্রাকের সংখ্যা | বিইআর (প্রস্তাবিত) ট্রাকের সংখ্যা | ভারী মেরামতাধীন ট্রাকের সংখ্যা |
|---|---|---|---|---|
| জানুয়ারি/২০২৩ | ৫৮৫ | ৫০৫ | ৭৮ | ০২ |
| ফেব্রুয়ারি/২০২৩ | ৫৮৫ | ৫০৩ | ৭৯ | ০৩ |
| মার্চ/২০২৩ | ৫৮৫ | ৫০৪ | ৭৯ | ০২ |

# চেয়ারম্যান মহোদয়ের দুই বছর পূর্তি অনন্য উচ্চতায় বিআরটিসি

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব) মহোদয়ের সময়োপযোগী ও সূক্ষ্ম দিক-নির্দেশনা এবং সঠিক নেতৃত্বে গত ০৭/০২/২০২১ হতে ০৬/০২/২০২৩ পর্যন্ত বিআরটিসি'র অর্জনসমূহঃ

১. প্রধান কার্যালয়সহ ডিপো/ইউনিটের সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতা নিজস্ব আয় হতে প্রতিমাসের ০১ তারিখে পরিশোধ করা হচ্ছে।

২. প্রতি ০৩ মাস অন্তর অন্তর গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটি নগদায়নের অর্থ অনলাইনে পরিশোধ করা হচ্ছে। বর্ণিত সময়ের মধ্যে সিপিফান্ড, গ্র্যাচুইটি এবং ছুটি নগদায়ন বাবদ মোট ১১৫২ জন কর্মকর্তা-কর্মচারীকে সর্বমোট ৩৭,৫৮,৮৮,৯৩৪ (সাঁইত্রিশ কোটি আটান্ন লক্ষ আটাশি হাজার নয়শত চৌত্রিশ) টাকা পরিশোধ করা হয়েছে।

৩. চেয়ারম্যান মহোদয় যোগদানের (০৭/০২/২০২১) পর বর্ণিত সময়ের মধ্যে কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পূর্বের বকেয়া বেতন বাবদ মোট ৯,৬৮,৭০,৬৬৩ (নয় কোটি আটষট্টি লক্ষ সত্তর হাজার ছয়শত তেষট্টি) টাকা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে তাদের স্ব-স্ব ব্যাংক হিসাবে পরিশোধ করেছেন।

৪. শিক্ষা সহায়তা তহবিল নির্দেশিকা-২০২১ পর্ষদ কর্তৃক এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন কর্মচারী কল্যাণ তহবিল (সংশোধিত) নীতিমালা-২০২২ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রনয়ণ করা হয়েছে। ২০২২ সালে কল্যাণ তহবিল ও শিক্ষা সহায়তা তহবিল খাতে মোট ১৮৪ জনকে = ৩৯,৩৮,০০০ (উনচল্লিশ লক্ষ আটত্রিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।

৫. সাফ জয়ী নারী ফুটবল খেলোয়ারদের বরণের জন্য ২৪ ঘন্টার মধ্যে নিজস্ব দক্ষ কারিগর দ্বারা ছাদ খোলা বাস প্রস্তুত করা হয় যা বর্তমান চেয়ারম্যান, বিআরটিসি'র যুগান্তকারী পদক্ষেপ।

৬. বিআরটিসি'র নিজস্ব ব্যবস্থাপনায় ২০২১-২০২২ অর্থ বছরে ১৪৭৯৪ জন ও ২০২২-২০২৩ অর্থ বছরে ৬৯৬২ জন নারী ও পুরুষকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৭. BRTC-SEIP প্রকল্পে আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ১০৫৮৩ জন ও ২০২২-২০২৩ অর্থ বছরে ৫৭৪৯ জন নারী ও পুরুষকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৮. বর্তমানে বিভিন্ন পদে মোট ৭৪০ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে এবং বিভিন্ন পদে ১৩৮ জনের নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।

৯. দীর্ঘ দিনের পদ বঞ্চিত ২৬৭ জন চালক-সি'কে চেয়ারম্যান মহোদয়ের আন্তরিক ও দিক নির্দেশনায় অতি দ্রুত সময়ের মধ্যে 'চালক-বি' পদে পদোন্নতি প্রদান করা হয়।

১০. স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বিআরটিসি'র ১০টি বাসে প্রাথমিক ভাবে চালকদের জন্য ফ্যাটিগ সতর্কীকরণ ডিভাইস সংযোজন করা হয়েছে।

১১. পদ্মা সেতু উদ্বোধনের প্রেক্ষিতে রাজধানী ঢাকার সাথে দক্ষিণবঙ্গের যোগাযোগের সুবিধার্থে ২১টি জেলার ২৩টি রুটে ৬০টি বাস সার্ভিস চালু করা হয়েছে।

১২. মেট্রোরেলের যাত্রী পরিবহনের জন্য বিআরটিসি ও ডিএমটিসিএল এর মধ্যে MOU স্বাক্ষরিত হয়েছে। এরই প্রেক্ষিতে মেট্রোরেলের যাত্রী পরিবহন সেবা চলমান রয়েছে।

১৩. দীর্ঘদিন বন্ধ থাকা বিআরটিসি'র পর্ষদ পুনর্গঠন ও কার্যক্রম পুনরায় চালু করা হয়েছে।

১৪. মেরামত ব্যয়ে সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণের লক্ষ্যে গাড়ির নম্বর অনুসারে মেরামত বাজেট প্রদান এবং যথাযথ ভাবে মনিটরিং করা হচ্ছে।

১৫. পুরাতন গাড়ি নিলাম বিক্রয়ের দৃঢ় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গত ০১ বছরে ০২টি লটে মোট ২৯৪টি বাস নিলামে বিক্রয় করা হয়েছে।

১৬. বর্ণিত সময়ের মধ্যে মোট ৬০৬টি গাড়ি ভারী মেরামত করে বিআরটিসির গাড়ি বহরে সংযুক্ত করে রাজস্ব বৃদ্ধি করা হয়েছে।

১৭. প্রত্যেক ডিপো/ইউনিটে অত্যাধুনিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে, যা দ্বারা ভারী মেরামতের কার্যক্রম চলমান আছে।

১৮. বর্তমানে কারিগর নিয়োগ দিয়ে তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট কাজে দক্ষ করে তোলা হয়েছে।

১৯. ২০২২ সালে দীর্ঘদিন বন্ধ থাকা বিআরটিসি সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুর'কে পুনঃচালু করে আধুনিকায়ন করা হয়েছে।

২০. বর্তমানে বিআরটিসি'র বহরে সচল বাস সংখ্যা প্রায় ১৩৫০টি। আরো নতুন কিছু গাড়ি বিআরটিসি'র বহরে শীঘ্রই যুক্ত হবে।

২১. বিআরটিসি'র বিভিন্ন বাস ডিপোতে দীর্ঘদিন বন্ধ থাকা পেট্রোল পাম্পগুলো সচল করা হয়েছে। ফলে রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে ও জ্বালানী খাতে ব্যয় সাশ্রয় করা সম্ভব হচ্ছে।

২২. বর্তমানে ১৯১টি এসি বাসে আনলিমিটে Wifi সুবিধা চালু করা হয়েছে।

২৩. বর্তমানে ১২০০ এর অধিক গাড়িতে VTS (Vehicle Tracking System) প্রক্রিয়ার সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২৪. প্রাথমিকভাবে ০৬টি ডিপোতে বিআরটিসি ফ্লিট ম্যানেজমেন্ট অটোমেশন সিস্টেম চালু করা হয়েছে। পর্যায়ক্রমে বিআরটিসি'র সকল ডিপোতে পূর্ণাঙ্গ অটোমেশন ব্যবস্থা চালু করা হবে। ফ্লিট ম্যানেজমেন্ট অটোমেন সিস্টেম এর ফলে বাস ও ট্রাকের আয়-ব্যয়, যন্ত্রাংশ, জ্বালানীসহ সকল কার্যক্রম অনলাইন ও অফলাইনে মনিটরিং করে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হয়।

২৫. বিআরটিসি'তে কর্ম কর্মকর্তা-কর্মচারীদের কর্ম দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আভ্যন্তরীন প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

২৬. বিআরটিসি তার জনকল্যাণকর কাজের জন্য জনসাধারণ, সংবাদ মাধ্যমসহ বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে। যার স্বীকৃতিস্বরূপ ২০২১-২২ অর্থ বছরে এপিএ বাস্তবায়নে প্রথম স্থান অর্জন, মন্ত্রণালয়ের অধিনস্ত প্রতিষ্ঠান প্রধানদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তি এবং সেবা সহজিকরণ ও বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের জন্য বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় বাছাই কমিটির সুপারিশক্রমে জাতীয় কমিটিতে উপস্থাপিত হয়েছে এবং উদ্যোগসমূহ গুরুত্বপূর্ণ জনকল্যাণকর কাজ হিসেবে প্রশংসিত হয়েছে।

২৭. বর্তমানে বিআরটিসি কর্তৃক নিয়মিত ত্রৈমাসিক সমাচার ও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়।

২৮. বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুরে পদ্মা সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পুণর্বাসন উপলক্ষে মোটরযান ড্রাইভিং এবং গাড়ি রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণ চালু করেন ।

২৯. প্রধান কার্যালয়সহ প্রতিটি ডিপো/ইউনিটে আইসিটি সেল গঠন করা হয়েছে।

৩০. বর্তমানে ৮৫% কাজ ই-ফাইলের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

৩১. যুগের চাহিদার প্রেক্ষিতে ড্রাইভিং প্রশিক্ষণে নতুন মাত্রা আনয়নের লক্ষ্যে অনলাইন ব্যবস্থার মাধ্যমে ভর্তি এবং আধুনিক প্রশিক্ষণের জন্য সিমুলেটর সংযোজন করা হয়েছে।

৩২. বর্তমানে প্রত্যেক ডিপো/ইউনিটে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে এবং সার্বক্ষণিক প্রধান কার্যালয় হতে মনিটরিং করা হচ্ছে।

৩৩. বিআরটিসি'র প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটে ডিজিটাল হাজিরার ব্যবস্থা করা হয়েছে।

৩৪. চেয়ারম্যান মহোদয়ের আন্তরিকতায় ও দিক নির্দেশনায় কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রথমবারের মতো প্রাথমিক চিকিৎসা সামগ্রী ক্রয় করা হয়েছে।

৩৫. কর্পোরেশনের সম্পত্তি রক্ষার্থে অগ্নি নির্বাপক প্রশিক্ষণ এর কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করেন।

৩৬. বর্তমানে ১১টি রুটে ই-টিকেটিং ও ০৩টি রুটে অনলাইন টিকিট ব্যবস্থা চালু করা হয়েছে।

৩৭. প্রধান কার্যালয় ও ডিপো/ইউনিটগুলোতে অপেক্ষাগারসহ অন্যান্য স্থাপনাসমূহ দৃষ্টি নন্দন করা হয়েছে।

৩৮. বিআরটিসির প্রধান কার্যালয়সহ প্রত্যেক ডিপো/ইউনিটে 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' কর্ণার স্থাপন করা হয়েছে।

৩৯. প্রধান কার্যালয়ের সভা কক্ষ আধুনিকায়ন করা হয়েছে।

৪০. মতিঝিল বাস ডিপোতে একটি অত্যাধুনিক আন্তর্জাতিক মানের কাউন্টার নির্মাণ করা হয়েছে।

৪১. বর্তমানে যাত্রী সেবা প্রদানের জন্য "আমাদের বিআরটিসি" নামক এ্যাপ চালু করা হয়েছে। এই এ্যাপ এর মাধ্যমে জনসাধারণ/সেবা গ্রহণকারী মোবাইল ও ওয়েব ব্রাউজিং এর মাধ্যমে বাসের রুট, সঠিক সময় ও অবস্থান সম্পর্কে জানতে পারে।

৪২. চেয়ারম্যান এর যুগোপযোগী ও বহুমুখী সিদ্ধান্তের ফলে প্রশিক্ষণের ক্ষেত্রে অনেক গতি সঞ্চারিত হয়েছে। বর্তমানে ০৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ২০টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বিআরটিসি ড্রাইভিং প্রশিক্ষণ ও কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

৪৩. গাজীপুরে অবস্থিত বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনিস্টিটিউট এর আধুনিক হলরুম এর শুভ উদ্বোধন ও কার্যক্রম সম্পন্ন করেন।

৪৪. SEIP প্রকল্পের মাধ্যমে TOT এর আওতায় ১৪২০ জন প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৪৫. বিআরটিসি'র সকল ডিপো/ইউনিট'কে সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। ফলে নিরাপত্তা জোরদার করার পাশাপাশি প্রধান কার্যালয় হতে ডিপো হালকা মেরামত, ভারী মেরামত ও নিরাপত্তাসহ সকল কার্যক্রম অন-লাইন এর মাধ্যমে তাৎক্ষনিক পর্যবেক্ষণ করা হচ্ছে।

৪৬. প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটের কর্মকর্তাদের ল্যাপটপ প্রদান করা হয়েছে এবং উচ্চগতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে।

৪৭. ডিপো/ইউনিটের অফিস এ্যাডমিনদের ওয়েবসাইট সংক্রান্ত, এপিএএমএস সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৪৮. ২৭তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৩ এ আগত দর্শনার্থীদের নিরাপদে মেলায় যাতায়াতের সফল পদক্ষেপ গ্রহণ করায় বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুন্সী মহোদয়ের নিকট হতে স্বীকৃতি স্মারক গ্রহণ করেন বিআরটিসি'র চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)।

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

**বাসের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ** (লক্ষ টাকা)

| বিবরণ | জানুয়ারি/২২ | জানুয়ারি/২৩ | ফেব্রুয়ারি/২২ | ফেব্রুয়ারি/২৩ | মার্চ/২২ | মার্চ/২৩ |
|---|---|---|---|---|---|---|
| আয় | ২৮৫৩.৬২ | ৩৬৯৯.৯০ | ২৪২৩.০৩ | ৩৩৩১.৫৩ | ২৯৮৯.৬২ | ৩৪৪৬.৯৭ |
| ব্যয় | ২৬৫২.৮৭ | ৩৩৭৬.৮৭ | ২৩৪৩.৯৬ | ৩১০৬.৩২ | ২৭৫৯.১২ | ৩২৮৪.৯০ |
| অপারেটিং লাভ/ক্ষতি | ২০০.৭৫ | ৩২৩.০৩ | ৭৯.০৭ | ২২৫.২১ | ২৩০.৫০ | ১৬২.০৭ |

**ট্রাকের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ** (লক্ষ টাকা)

| বিবরণ | জানুয়ারি/২২ | জানুয়ারি/২৩ | ফেব্রুয়ারি/২২ | ফেব্রুয়ারি/২৩ | মার্চ/২২ | মার্চ/২৩ |
|---|---|---|---|---|---|---|
| আয় | ১২৭৯.০২ | ১৫৯৯.৮৬ | ১১৬১.৪৩ | ১৪২৩.০৩ | ১২৬৮.৯৯ | ১৭১৪.১২ |
| ব্যয় | ১০৫৬.৬৪ | ১৩৭১.৪৯ | ৯৯১.৩১ | ১২৬০.৬৯ | ১০৭৫.২৭ | ১৪৭৯.৫২ |
| অপারেটিং লাভ/ক্ষতি | ২২২.৩৮ | ২২৮.৩৭ | ১৭০.১২ | ১৬২.৩৪ | ১৯৩.৭২ | ২৩৪.৬০ |

## সিপিএফ, ছুটি নগদায়ন ও গ্র্যাচুইটি খাতে পরিশোধিত অর্থের বিবরণী

| ক্রম. | বিবরণ | জানুয়ারি/২০২৩ | | ফেব্রুয়ারি/২০২৩ | | মার্চ/২০২৩ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | জনবল | পরিশোধিত অর্থের পরিমাণ | জনবল | পরিশোধিত অর্থের পরিমাণ | জনবল | পরিশোধিত অর্থের পরিমাণ |
| ১ | সিপিএফ | ৩ | ৫,৭২,৪৮০.৩১ | ৩ | ৬,৯৬,৫৬৩.৬২ | ১১৪ | ১,৪৭,০৫,৫২২.৩৮ |
| ২ | ছুটি নগদায়ন | ০ | - | ১ | ৬০,৬০০.০০ | ৬ | ১৫,৪৪,৯৭২.০০ |
| ৩ | গ্র্যাচুইটি | ৪ | ১০,০০,০০০.০০ | ৬ | ১২,৮২,১৯৭.৬৩ | ২২৬ | ৩,৪৬,৬৫,৬৩১.৪০ |
| | সর্বমোট | ৭ | ১৫,৭২,৪৮০.৩১ | ১০ | ২০,৩৯,৩৬১.২৫ | ৩৪৬ | ৫,০৯,১৬,১২৫.৭৮ |

## জানুয়ারি/২৩ হতে মার্চ/২৩ পর্যন্ত এস্টেট হতে প্রাপ্ত আয়

(লক্ষ টাকায়)

| ক্রম. | বিবরণ | জানুয়ারি/২৩ | ফেব্রুয়ারি/২৩ | মার্চ/২৩ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | স্থাপনা ভাড়া | ১১৮.৬৩ | ১৪৬.০৬ | ৭৯.৩৬ | ৩৪৪.০৫ |

# আলোকচিত্রে বিআরটিসি



আনোয়ারা-কর্ণফুলী নতুন ব্রীজ-কোতোয়ালি-নিউ মার্কেট রুটে বিআরটিসি বাসের শুভ উদ্বোধন করেন সম্মানিত সচিব জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী



চেয়ারম্যান, বিআরটিসি'র চট্টগ্রামে আগমন উপলক্ষ্যে ফুল দিয়ে অভ্যর্থনা জানান চট্টগ্রাম বাস ডিপোর ম্যানেজার (অপাঃ)



সঞ্জীবনী প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সাথে চেয়ারম্যান মহোদয় ও অন্যান্য কর্মকর্তাগণ, বিয়াম ফাউন্ডেশন, আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার




তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সেমিনারে অংশগ্রহণ করেন চেয়ারম্যান, বিআরটিসি




পরিচালকগণের উপস্থিতিতে প্রথমবারের মত শ্রান্তি বিনোদনের আবেদনকারীর হাতে শ্রান্তি বিনোদন ভাতা তুলে দেন চেয়ারম্যান, বিআরটিসি



সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী'র চট্টগ্রামে আগমন উপলক্ষে ফুল দিয়ে অভ্যর্থনা জানান চট্টগ্রাম ট্রাক ডিপো ও ট্রেনিং সেন্টারের ম্যানেজার (অপাঃ)

# আলোকচিত্রে বিআরটিসি



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বিআরটিসি টুঙ্গিপাড়া বাস ডিপো ও ট্রেনিং সেন্টার এর উদ্যোগে কেক কাটা




বিআরটিসি'র সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুরে নিজস্ব জনবল দ্বারা গাড়ির যন্ত্রাংশ মেরামতের স্থির চিত্র



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বিআরটিসি মিরপুর বাস ডিপো এর উদ্যোগে বিআরটিসি'র ছাদ খোলা বাসে শিশুদের ভ্রমণ



মনিটরিং সদস্যদের দ্বারা চট্টগ্রাম ট্রাক ডিপো ও প্রশিক্ষণ পরিদর্শনকালীন বর্ণিত ডিপোতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের দিক নির্দেশনা প্রদান







বিআরটিসি'র সার্বিক কার্যাবলী ও উন্নয়ন সংক্রান্ত মাসিক সভায় প্রথমবারের মত অবসর গ্রহণের আবেদনকারী কর্মচারীদের মাঝে তাদের চাকরিকালীন কর্তব্য কাজের স্বীকৃতিস্বরূপ সনদপত্র ও শ্রান্তি বিনোদন ভাতার চেক প্রদান করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)

# বার্ষিক বনভোজনের স্থির চিত্র



বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুরের উদ্যোগে বর্ণিত ইউনিটে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবার বর্গদের নিয়ে বনভোজনকালে চেয়ারম্যান বিআরটিসি শিশুদের মাঝে চকলেট বিতরণ করেন



বিআরটিসি টুঙ্গিপাড়া বাস ডিপোর উদ্যোগে বর্ণিত ইউনিটে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারবর্গদের নিয়ে আয়োজিত বনভোজনে চেয়ারম্যান, বিআরটিসি'কে ফুল দিয়ে অভ্যর্থনা জানানো হয়



চট্টগ্রাম বাস ও ট্রাক ডিপোর আয়োজিত বনভোজনে চেয়ারম্যান, বিআরটিসি কর্তৃক পুরস্কার বিতরণ



নরসিংদী বাস ডিপোর আয়োজিত বনভোজনে আগতদের জরুরী মুহূর্তে প্রয়োজনীয় মেডিকেল সেবা ও মেডিকেল বুথ পরিদর্শন করছেন, চেয়ারম্যান, বিআরটিসি



মতিঝিল বাস ডিপো কর্তৃক আয়োজিত বনভোজনে অংশগ্রহণকারী শিশুদের সাথে চেয়ারম্যান, বিআরটিসি ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ



জিএম (কারিগরি) ও কল্যাণপুর বাস ডিপোর ইউনিট প্রধানের হাত থেকে স্বীকৃতি স্মারক গ্রহণ

# বিভিন্ন প্রিন্ট মিডিয়ায় বিআরটিসি

প্রতিদিনের সংবাদ
বুধবার, ০৮ ফেব্রুয়ারি ২০২৩, ২৫ মাঘ ১৪২৯

বর্তমান চেয়ারম্যানের দুই বছর পূর্তি

## অনন্য উচ্চতায় বিআরটিসি

● নিজস্ব প্রতিবেদক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব মো. তাজুল ইসলাম ৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশনের (বিআরটিসি) চেয়ারম্যান হিসেবে যোগ দেন। যোগ দেওয়ার পর সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মন্ত্রী ও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিবের প্রত্যক্ষ দিকনির্দেশনায় 'আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রীসেবার মান উন্নয়ন' এই ব্রত নিয়ে তিনি কাজ শুরু করেন। তারই হাত ধরে একসময়ের জরাজীর্ণ ও অলাভজনক প্রতিষ্ঠান বিআরটিসি আজ সার্বিকভাবে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

বিআরটিসি একটি রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থা এবং এর কর্মপরিবেশ দেশের অন্য সব প্রতিষ্ঠান থেকে সম্পূর্ণ ভিন্ন। প্রতিকূল পরিবেশ ও নানান চ্যালেঞ্জ মোকাবিলা করে কীভাবে সততা, প্রজ্ঞা ও মেধা দিয়ে অলাভজনক প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা যায় তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত বর্তমান চেয়ারম্যান।

বিআরটিসি চেয়ারম্যান মো. তাজুল ইসলামের সময়োপযোগী ও সূক্ষ্ম দিকনির্দেশনা এবং সঠিক নেতৃত্বে এ পর্যন্ত বিআরটিসির অর্জনসমূহ।

বর্তমানে প্রধান কার্যালয়সহ ডিপো/ইউনিটের সব কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা নিজস্ব আয় থেকে প্রতি মাসের ১ তারিখে পরিশোধ করা হচ্ছে। তিন মাস পরপর গ্র্যাচুইটি সিপিএফ ও ছুটি নগদায়নের টাকা অনলাইনে পরিশোধ করা হচ্ছে। গত ২ বছরে সিপিফান্ড, গ্র্যাচুইটি এবং ছুটি নগদায়ন বাবদ ১১৫২ কর্মকর্তা-কর্মচারীকে ৩৭,৫৮,৮৮,৯৩৪ টাকা পরিশোধ করা হয়েছে।

চেয়ারম্যান যোগদানের পূর্ববর্তী সময়ের বকেয়া বেতন বাবদ ২ বছরে ৯,৬৮,৭০,৬৬৩ টাকা

■ এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

### অনন্য উচ্চতায় বিআরটিসি

■ ১২ পৃষ্ঠার পর

অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের স্ব-স্ব ব্যাংক হিসাবে পরিশোধ করা হয়েছে। কল্যাণ তহবিল নীতিমালা ২০২২ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রণয়ন করা হয়েছে। ২০২২ সালে কল্যাণ তহবিল ও শিক্ষা সহায়তা তহবিল খাতে ১৮৪ জনকে ৩৯,৩৮,০০০ টাকা দেওয়া হয়েছে। সাফজয়ী নারী ফুটবল খেলোয়াড়দের বরণের জন্য ২৪ ঘণ্টার মধ্যে নিজস্ব দক্ষ কারিগর দ্বারা ছাদখোলা বাস প্রস্তুত করা হয়, যা বর্তমান চেয়ারম্যান, বিআরটিসির যুগান্তকারী পদক্ষেপ। বিআরটিসির নিজস্ব ব্যবস্থাপনায় ২০২১-২২ অর্থবছরে ১৪৭৯৪ জন ও ২০২২-২৩ অর্থবছরে ৬৯৬২ জন নারী ও পুরুষকে প্রশিক্ষণ দেওয়া হয়। বিআরটিসি-সেইপ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে ১০৫৮৩ জন ও ২০২২-২৩ অর্থবছরে ৫৭৪৯ জন নারী ও পুরুষকে প্রশিক্ষণ দেওয়া হয়। বর্তমানে বিভিন্ন পদে ৭৪০ জনকে নিয়োগ দেওয়া হয়েছে এবং বিভিন্ন পদে ১৩৮ জনের নিয়োগ প্রক্রিয়া চলমান। চেয়ারম্যানের আন্তরিক প্রচেষ্টা ও দিকনির্দেশনায় অতিক্রান্ত সময়ের মধ্যে ২৬৭ জন চালক-সিকে চালক-বি পদে পদোন্নতি দেওয়া হয়।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিআরটিসির ১০টি বাসে প্রাথমিকভাবে চালকদের জন্য ফ্যাটিগ সতর্কীকরণ ডিভাইস সংযোজন করা হয়েছে। প্রথমবারের মত দপ্তর/সংস্থা প্রধান হিসেবে ২০২১-২২ অর্থবছরে চেয়ারম্যান, বিআরটিসি শুদ্ধাচার পুরস্কার পেয়েছেন।

বর্তমানে শুদ্ধাচার, এপিএ, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি, জিআরএস, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, কম্পিউটার অপারেটরদের ওরিয়েন্টেশন, কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা। এ যাবৎ বিভিন্ন বিষয়ে ৪২টি প্রশিক্ষণে ১৪২০ কর্মকর্তা-কর্মচারীকে অভ্যন্তরীণ

বৃহস্পতিবার ৯ ফেব্রুয়ারি ২০২৩ ॥ ২৬ মাঘ ১৪২৯
আমাদের সময়
খবর ১১

## বিআরটিসির চেয়ারম্যানের দুই বছর পূর্তি

অতিরিক্ত সচিব মো. তাজুল ইসলাম ২০২১ সালের ৭ ফেব্রুয়ারি বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশনে (বিআরটিসি) চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। যোগদানের পর সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মন্ত্রী এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিবের প্রত্যক্ষ দিকনির্দেশনায় 'আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রী সেবার মান উন্নয়ন' এই ব্রত নিয়ে তিনি কাজ শুরু করেন। তারই হাত ধরে এক সময়ের জ্বরাজীর্ণ ও অলাভজনক প্রতিষ্ঠান বিআরটিসি আজ সার্বিকভাবে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে। কিংবদন্তি হওয়ার জন্য কারও স্বীকৃতির প্রয়োজন হয় না, তার অদম্য ইচ্ছা এবং কর্মই তাকে কিংবদন্তি হিসেবে গড়ে তোলে। বিআরটিসি একটি রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থা এবং এর কর্ম পরিবেশ দেশের অন্যান্য সব প্রতিষ্ঠান থেকে সম্পূর্ণ ভিন্ন। শত প্রতিকূল পরিবেশ থাকা অবস্থায় এবং নানাবিধ চ্যালেঞ্জ মোকাবিলা করে কীভাবে সততা, প্রজ্ঞা ও মেধা দিয়ে জ্বরাজীর্ণ ও অলাভজনক প্রতিষ্ঠানকে সার্বিকভাবে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত করা যায় বর্তমান চেয়ারম্যান তার একটি জ্বলন্ত দৃষ্টান্ত।

দেশ রূপান্তর
শুক্রবার, ১০ ফেব্রুয়ারি, ২০২৩

## দুই বছরে বিআরটিসির সাফল্য

অতিরিক্ত সচিব মো. তাজুল ইসলাম গত ৭ ফেব্রুয়ারি ২০২১ সালে বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশনে (বিআরটিসি) চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। যোগদানের পর সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিবের প্রত্যক্ষ দিকনির্দেশনায় 'আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রীসেবার মান উন্নয়ন'–এই ব্রত নিয়ে তিনি কাজ শুরু করেন। তারই হাত ধরে একসময়ের জরাজীর্ণ ও অলাভজনক প্রতিষ্ঠান বিআরটিসি আজ সার্বিকভাবে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে।

বিআরটিসি একটি রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থা এবং এর কর্মপরিবেশ দেশের অন্য সকল প্রতিষ্ঠান হতে সম্পূর্ণ ভিন্ন। শত প্রতিকুল পরিবেশ থাকা অবস্থায় এবং নানাবিধ চ্যালেঞ্জ মোকাবিলা করে কীভাবে সততা, প্রজ্ঞা ও মেধা দিয়ে জরাজীর্ণ ও অলাভজনক প্রতিষ্ঠানকে সার্বিকভাবে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত করা যায় বর্তমান চেয়ারম্যান তার একটি জ্বলন্ত দৃষ্টান্ত। বিজ্ঞপ্তি

আজকের দর্পণ
বুধবার, ০৮ ফেব্রুয়ারী ২০২৩

## বিআরটিসি চেয়ারম্যানের দুই বছর পুর্তি

▶ দর্পণ ডেস্ক

সরকারের অতিরিক্ত সচিব মো. তাজুল ইসলাম গত ৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনে (বিআরটিসি) চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। যোগদানের পর থেকেই 'আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রী সেবার মান উন্নয়ন' এই ব্রত নিয়ে তিনি কাজ শুরু করেন। এক সময়ের জ্বরাজীর্ণ ও অলাভজনক প্রতিষ্ঠান বিআরটিসি আজ সার্বিকভাবে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে। বিআরটিসি একটি রাষ্ট্রায়াত্ত্ব পরিবহন সংস্থা এবং এর কর্ম পরিবেশ দেশের অন্যান্য সব প্রতিষ্ঠান থেকে সম্পূর্ণ ভিন্ন। শত প্রতিকূল পরিবেশ থাকা অবস্থায় এবং নানাবিধ চ্যালেঞ্জ মোকাবেলা করে সততা, প্রজ্ঞা ও মেধা দিয়ে জ্বরাজীর্ণ ও অলাভজনক প্রতিষ্ঠানকে সার্বিকভাবে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত করা যায় চেয়ারম্যান তার একটি জ্বলন্ত দৃষ্টান্ত মনে করছে প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারিরা।

দৈনিক জনকণ্ঠ
The Daily Janakantha
09-Feb, 2023 Page No: 2

## বিআরটিসি এখন লাভজনক প্রতিষ্ঠান

**স্টাফ রিপোর্টার ॥** রাষ্ট্রীয় পরিবহন সংস্থা বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন (বিআরটিসি) গত দুই বছরে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। এছাড়া প্রতিষ্ঠানের আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রী সেবার মান উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। যাত্রী সেবার মান বৃদ্ধিতে আগামী ৬ মাসের মধ্যে বিআরটিসি বাস সার্ভিসে ৩৪০টি এসি বাস যুক্ত হবে বলে সংস্থাটির সূত্র জানায়।

এ বিষয়ে সংস্থাটির চেয়ারম্যান মো. তাজুল ইসলাম জনকণ্ঠকে বলেন, 'বিআরটিসি'র ৯০০ বাস ছিল। গত দুই বছরে ৪৫০টি পুরাতন বাস সংস্কার করে বর্তমানে ১৩৫০টি বাস বিভিন্ন রুটে চলাচল করছে। এছাড়া আগামী ৫-৬ মাসের মধ্যে আরও ৩৪০টি নতুন এসি বাস আনা হবে। এরমধ্যে কিছু মেট্রোরেলের যাত্রী পরিবহনে শাটল বাস সার্ভিস হিসেবে চলাচল করবে। পাশাপাশি ঢাকা নগর পরিবহন ও আন্তঃজেলার বিভিন্ন রুটে এই বাস চালানো হবে। বিআরটিসি একটি লাভজনক প্রতিষ্ঠানের রূপান্তর করার জন্য বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান তিনি। বিআরটিসির কর্মকর্তারা জানান, ২০২১ সালের ৭ ফেব্রুয়ারি বর্তমান চেয়ারম্যান মো. তাজুল ইসলাম বিআরটিসিতে যোগদান করেন। বর্তমান চেয়ারম্যানের কর্মদক্ষতার ফলে গত দুই বছরে বিআরটিসির বাসের যাত্রী সেবার মান ও সংস্থার আয় বৃদ্ধি পেয়েছে।

# বিভিন্ন ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসি চেয়ারম্যান-এর সাক্ষাৎকার



বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)'তে যাত্রী সেবার মান নিয়ে চেয়ারম্যান, বিআরটিসি'র সাক্ষাতকার



বিআরটিসির উন্নয়নমূলক কর্মকান্ড নিয়ে 'এখন টিভি'তে সাক্ষাৎকার, চেয়ারম্যান, বিআরটিসি





এটিএন নিউজের সাক্ষাতকারে চেয়ারম্যান, বিআরটিসি নারী যাত্রীদের সংরক্ষিত আসন ও মহিলা বাস সার্ভিস নিয়ে আলোচনা করেন

## মানবতার জয়

গত ৩০/০১/২০২৩ তারিখে বিআরটিসি চট্টগ্রাম ট্রাক ডিপোর অপারেটর (চালক) জনাব মজনু মিয়া দায়িত্বরত অবস্থায় মৃত্যুবরণ করেন। বিষয়টি চেয়ারম্যান, বিআরটিসি জনাব মোঃ তাজুল ইসলাম মহোদয়ের দৃষ্টিগোচর হওয়ার সাথে সাথে অসহায় পরিবারটিকে সহায়তা দানে অভিভাবক হিসেবে পাশে দাঁড়ান। ০৮/০২/২০২৩ তারিখে চেয়ারম্যান, বিআরটিসি'র অফিস কক্ষে পরিবারের হাতে তিন (০৩) লক্ষ টাকার চেক হস্তান্তর করেন। যা মানবতার একটি জলন্ত উদাহরণ।



বিআরটিসি বাস ডিপোর প্রাক্তন কন্ডাক্টর-সি/৮৬৮ জনাব মোঃ আব্দুস সাত্তার বিগত ২৭/০৫/২০২২ তারিখে অবসর গ্রহণ করেন।বর্তমানে তিনি গুরুতর অসুস্থ হার্টের বাইপাস করেছিলেন। পরবর্তীতে তার হার্টে আবার সমস্যা দেখা দেয়। অর্থের অভাবে চিকিৎসা করতে পারছিলেন না। সংসারের খরচ ও ছেলেমেয়েদের লেখা পড়ার খরচ বহন করা তার জন্য কষ্টসাধ্য হয়ে পড়েছিল। বিষয়টি চেয়ারম্যান মহোদয়ের নজরে আসা মাত্রই গ্র্যাচুইটির পাওনা ববদ ৫,০০,০০০/- টাকা পরিশোধ করেন।



বিআরটিসি'র চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে দুর্ঘটনা কবলিত মৃত ব্যক্তির শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং সান্ত্বনা প্রকাশ করে পরিবারের পাশে আর্থিক সহায়তা নিয়ে দাঁড়ান জনাব মোঃ গোলাম ফারুক, ডেপুটি জেনারেল ম্যানেজার, বিআরটিসি বাস ডিপো, রংপুর।

